রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৭, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**রেজুলিউশন**

তারিখ, ১২ই মাঘ ১৪০৯/২৫শে জানুয়ারি ২০০৩

**নং সকম/কর্ম-শাঃ/বাজাসকপ-১/২০০২-৯৮**—বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্দেশ্যাবলী পূরণ ও উহার কার্যাবলী সূচারুরূপে সম্পাদনকল্পে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ১৯৮৬ সালের ১৬ মে তারিখের রেজুলিউশন নং এস-১১ (এস এস-৩)/সি-৯/৮৫/২১২ সংশোধনপূর্বক নিম্নরূপ পুনঃপ্রণয়ন করা হইল ঃ—

১। **পরিষদের গঠন ঃ**

(ক) পরিষদের অফিস বেয়ারার

সভাপতি

(১) মাননীয় মন্ত্রী,
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

সহ-সভাপতি

(২) সচিব,
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

কোষাধ্যক্ষ

(৩) যুগ্ম-সচিব,
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

সদস্য-সচিব

(৪) নির্বাহী সচিব,
জাতীয় সমাজকল্যাণ পরিষদ।



মূল্যঃ টাকা ৪.০০

(খ) সদস্য (পদাধিকারবলে)

(১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

(২) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

(৩) বিভাগীয় প্রধান, আর্থ-সামাজিক ও অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।

(৪) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

(৫) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

(৬) নির্বাহী পরিচালক, আল-নাহিয়ান ট্রাস্ট, ঢাকা।

(৭) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।

(৮) মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন, ঢাকা।

(১০) চেয়ারম্যান, সমাজকর্ম বিভাগ, রাজশাহী/শাহজালাল বিশ্ববিদ্যালয়।

(১১) পরিচালক, ইনস্টিটিউট অব সোস্যাল ওয়েলফেয়ার এণ্ড রিসার্স, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(গ) মনোনীত সদস্য

(১) সরকার কর্তৃক মনোনীত দেশের ৬টি বিভাগ হইতে অনুর্ধ্ব পঞ্চাশজন প্রখ্যাত সমাজকর্মী।

(২) সরকার কর্তৃক মনোনীত প্রত্যেক বিভাগ হইতে একজন মহিলা সমাজকর্মী।

(৩) সরকার কর্তৃক মনোনীত এগার জনবিশিষ্ট সদস্য।

২। পরিষদের কার্যাবলী ঃ

(ক) অসরকারী খাতে সমাজের কল্যাণে কাজ করিতেছে এমন সংগঠন বা ব্যক্তি বিশেষকে সর্বপ্রকার সাহায্য, সহযোগিতা, প্রশিক্ষণ ইত্যাদি প্রদান ;

(খ) স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত সমাজকর্মীদের প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা, উৎসাহ প্রদান এবং সংগঠন সৃজন ;

(গ) সরকারী ও অসরকারী ক্ষেত্রে সমাজকল্যাণ সংক্রান্ত কর্মসূচীর উন্নয়নের জন্য পরামর্শমূলক কাজ সৃষ্টির উদ্দেশ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সমাজকল্যাণ পরিষদ গঠন ;

(ঘ) শহর ও গ্রামীণ সমাজের উন্ননের জন্য স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহের প্রতিষ্ঠা ও উন্নয়নে উৎসাহ প্রদান ;

(ঙ) বিভিন্ন সামাজিক সমস্যার জরীপ এবং এই জরীপের তথ্যাদি সম্পর্কে সরকারের নিকট প্রতিবেদন পেশ করা ;

(চ) সামাজিক প্রয়োজনীয়তা ও কর্মকাণ্ড মূল্যায়ন ও গবেষণা কার্যক্রম পরিচালন ;

(ছ) স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহে সহায়ক অনুদানের জন্য জাতীয় কর্মসূচী বাস্তবায়ন ও পরিচালনাকরণ ;

(জ) স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্তভাবে সহায়তা করা ঃ

(১) সহায়ক অনুদান কর্মসূচী উপস্থাপন ;

(২) স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠনসমূহের উন্নয়ন কর্মসূচীর জন্য পরামর্শমূলক কাজের মাধ্যমে অতিরিক্ত সাহায্য প্রদান ;

(ঝ) সমাজকল্যাণ কর্মসূচীর বাস্তবায়ন, প্রকল্প প্রণয়ন এবং নীতি নির্ধারণে সরকারকে পরামর্শ ও সহায়তা প্রদান ;

(ঞ) বর্তমানে গ্রাম ও নগরের সামাজিক প্রয়োজনীয়তার আলোকে সমাজকল্যাণমূলক কার্যক্রমের জন্য সরকারী ও স্বেচ্ছা-প্রণোদিত নতুন কর্মসূচী গ্রহণ, বিস্তার ও পরিবর্তনে সরকারকে পরামর্শ ও সহায়তা প্রদান ;

(ট) সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্ত শাসিত সংস্থাসমূহের সাথে জাতীয় ও স্থানীয় পর্যায়ের বিভিন্ন স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ-মূলক সংস্থাসমূহের সমন্বয় সাধনে সহায়তা প্রদান ;

(ঠ) সমাজকল্যাণ কর্মসূচী ও সম্পদের উন্নয়ন বিষয়ে উপজেলা ও জেলা পর্যায়ের সমাজকল্যাণ পরিষদসমূহকে সহায়তা প্রদান ;

(ড) সমাজকল্যাণ বিষয়ক আন্তর্জাতিক পরিষদ এবং অন্যান্য জাতীয় পরিষদের সাথে সমাজকল্যাণ পরিষদের সংযোগ রক্ষা এবং দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন কর্মসূচী ও কর্মকাণ্ডে অংশগ্রহণ ;

(ঢ) সমাজকল্যাণমূলক কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ;

(ণ) সরকারের অনুমোদনক্রমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নমূলক অন্য যে কোন কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন ; এবং

(ত) পরিষদের সকল আয়-ব্যয় অনুমোদনকরণ।

৩। নির্বাহী সচিব ঃ

(১) সরকার কর্তৃক একজন যথোপযুক্ত কর্মকর্তা পরিষদের নির্বাহী সচিব পদে নিয়োগপ্রাপ্ত হইবেন যিনি পরিষদের সাচিবিক দায়িত্ব পালন করিবেন এবং পরিষদের প্রধান নির্বাহী হইবেন।

(২) নির্বাহী সচিবের দায়িত্ব ও কর্তব্য ঃ

(ক) পরিষদের সকল কাজ তত্ত্বাবধান এবং পরিষদের ও নির্বাহী কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ;

(খ) সভাপতির সাথে আলোচনাক্রমে পরিষদের সকল সভা আহ্বান ;

(গ) সভাসমূহের জন্য কার্যতালিকা প্রণয়ন ;

(ঘ) পরিষদ কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন ;

(ঙ) পরিষদ ও নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ;

(চ) পরিষদের প্রশাসন পরিচালনা ;

(ছ) পরিষদ এবং নির্বাহী কমিটির কার্যবিবরণী প্রস্তুত ;

(জ) পরিষদের হিসাব সংরক্ষণ ;

(ঝ) পরিষদের সকল প্রকার আয়-ব্যয় নির্বাহ, বিল প্রস্তুত ও অনুমোদন ;

(ঞ) পরিষদের কর্মকাণ্ডের উপর একটি বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং পরিষদ সভায় উপস্থাপন ;

(ট) সংশোধিত বাজেট এবং পরবর্তী আর্থিক বছরের প্রাক্কলিত বাজেট পরিষদের অনুমোদনের জন্য উপস্থাপন ;

(ঠ) পরিষদের বাৎসরিক হিসাব সংক্রান্ত আয়-ব্যয় বিবরণী প্রণয়ন ও নির্বাহী কমিটির সভায় উপস্থাপন ;

(ড) নিরীক্ষা আপত্তি নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রতি অর্থ বছরের বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী পরিষদে উপস্থাপন ; এবং

(ঢ) অধঃস্তন কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রতিস্বাক্ষরের জন্য নির্বাহী কমিটির সভাপতির নিকট প্রেরণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রতিস্বাক্ষরকরণ।

৪। কোষাধ্যক্ষের দায়িত্ব ও কর্তব্য ঃ

(ক) পরিষদের কোষাধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন এবং নির্বাহী সচিবের সঙ্গে সকল প্রকার চেকে যৌথভাবে স্বাক্ষরকরণ ;

(খ) পরিষদের সকল প্রকার আয়-ব্যয় বিধি সম্মত হইয়াছে কি না তাহা তত্ত্বাবধান।

৫। সদস্যদের দায়িত্ব ঃ

(১) পরিষদের উদ্দেশ্য ও কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ;

৬। অসরকারী সদস্যদের পদ শূন্য হওয়া ঃ

নিম্নোক্ত যে কোন কারণে পরিষদের/নির্বাহী কমিটির কোন অসরকারী সদস্যের সদস্য পদ শূন্য বলিয়া বিবেচিত হইবে ঃ

(ক) কোন সদস্য পরপর ৩টি পরিষদের সভায় এবং পরপর ৩টি নির্বাহী কমিটির সভায় অনুপস্থিত থাকিলে ;

(খ) কোন সদস্য মৃত্যুবরণ করিলে ;

(গ) কোন সদস্য স্বেচ্ছায় পদত্যাগ করিলে ;

(ঘ) পরিষদ বা রাষ্ট্রের হানিকর কোন কাজে জড়িত, অসদাচরণ বা নৈতিক স্খলনজনিত কোন অপরাধে দোষী সাব্যস্ত হইয়া দণ্ডপ্রাপ্ত হইলে ;

(ঙ) পরিষদের অর্থ বা সম্পত্তির কোন ক্ষতি সাধন বা উহার আত্মসাতের জন্য দায়ী হইলে ; এবং

(চ) দায়িত্ব পালন করিতে অস্বীকৃতি জানাইলে অথবা শারীরিক বা মানসিক অসামর্থের কারণে দায়িত্ব পালনে অক্ষম হইলে।

ব্যাখ্যা ঃ—এই উপ-ধারায় "অসদাচরণ" বলিতে ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি, স্বজনপ্রীতি এবং সরকারের জন্য ক্ষতিকর কার্যাবলী বুঝাইবে।

৭। মেয়াদ ঃ

(১) পরিষদের অসরকারী সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হইতে দুই বছর হইবে।

(২) পরিষদের কোন অসরকারী সদস্য পদ শূন্য হইলে সরকার অন্য একজন সমাজকর্মীকে অবশিষ্ট সময়ের জন্য মনোনয়ন দিতে পারিবেন।

৮। **পরিষদ সভা ঃ**

(১) পরিষদ বছরে কমপক্ষে একবার সভায় মিলত হইবে।

(২) পরিষদের মোট সদস্যের এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।

৯। **প্রধান কার্যালয় ঃ**

(১) পরিষদের প্রধান কার্যালয় ঢাকায় স্থাপিত হইবে।

১০। **নির্বাহী কমিটির গঠন ঃ**

(১) পদাধিকারবলে নিম্নবর্ণিত ৬ জন সদস্যসহ অনূর্ধ্ব পনের সদস্যবিশিষ্ট একটি নির্বাহী কমিটি থাকিবে ঃ

সভাপতি

(ক) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(খ) যুগ্ম-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(গ) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

(ঘ) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন, ঢাকা

(ঙ) নির্বাহী পরিচালক, আল-নাহিয়ান ট্রাষ্ট, ঢাকা

সদস্য-সচিব

(চ) নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

(ছ) নির্বাহী কমিটির সহ-সভাপতি এবং অপর সদস্যবৃন্দ পরিষদের অসরকারী সদস্যদের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত হইবেন যাহাদের মধ্যে কমপক্ষে একজন মহিলা সমাজকর্মী থাকিবেন।

(২) মেয়াদ ঃ

নির্বাহী কমিটির অসরকারী সদস্যদের মেয়াদকাল পরিষদের সদস্য হিসাবে মনোনয়নের তারিখ হইতে দুই বছর হইবে।

(৩) শূন্য সদস্য পদ পূরণ ঃ

নির্বাহী কমিটির কোন অসরকারী সদস্য পদ শূন্য হইলে সরকার পরিষদ সদস্যদের মধ্য হইতে অন্য সদস্যকে অবশিষ্ট সময়ের জন্য মনোনয়ন দিতে পারিবেন।

১১। **নির্বাহী কমিটির সভা ঃ**

(ক) নির্বাহী কমিটি বছরে কমপক্ষে দুইবার সভায় মিলিত হইবে।

(খ) নির্বাহী কমিটির এক তৃতীয়াংশ সদস্য দ্বারা কোরাম গঠিত হইবে।

১২। **নির্বাহী কমিটির কার্যাবলী ঃ**

(ক) পরিষদের সিদ্ধান্ত পালন ও বাস্তবায়ন ;

(খ) পরিষদের আওতাধীন সকল বিষয়ে কর্মসূচী প্রণয়ন ও পরিষদকে পরামর্শ প্রদান ;

(গ) পরিষদের কর্মসূচী এবং নীতিমালা মূল্যায়ন ও পরিষদের কার্যক্ষেত্রের উন্নয়ন সাধন ;

(ঘ) পরিষদের উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনে সাহায্যকারী যে কোন পদক্ষেপের বিষয়ে পরিষদের নিকট সুপারিশ প্রদান ;

(ঙ) পরিষদের কাজের জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত এইরূপ বেতনভুক্ত কর্মকর্তা ও কর্মচারী পরিষদের অনুমতিক্রমে নিয়োগ প্রদান ;

(চ) পরিষদের স্বার্থ উন্নয়নে সক্ষম এমন অন্য যে কোন কার্যক্রম গ্রহণ ; এবং

(ছ) সরকার/পরিষদ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

১৩। **তহবিল ঃ**

(১) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ তহবিল নামে জাতীয় সমাজকল্যাণ পরিষদের একটি তহবিল থাকিবে যা পরিষদের কাজে ব্যবহৃত হইবে। এই তহবিল সরকারী বিধি অনুযায়ী স্থানীয় কোন ব্যাংকে পরিষদের হিসাব নম্বরে জমা হইবে।

(২) পরিষদের তহবিল গঠনের উৎস ঃ

(ক) সরকারী অনুদান ;

(খ) দানশীল ব্যক্তি বা সংগঠন, জাতীয় বা আন্তর্জাতিক সংস্থার নিকট হইতে অর্থ ও দ্রব্যের আকারে এককালীন অনুদান ও চাঁদা ;

(গ) আন্তঃদেশীয় আর্থিক মঞ্জুরী বা অনুদান ;

(ঘ) যে কোন তফসিলী ব্যাংক বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত ঋণ;

(ঙ) পরিষদের অর্থ বিনিয়োগ হইতে মুনাফা ও অন্যান্য উৎস হইতে সংগৃহীত অর্থ (যদি থাকে)।

(৩) পরিষদের তহবিলের ব্যবহার ;

(ক) পরিষদের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও ভাতা প্রদান ;

(খ) এই রেজুলিউশনের অধীন পরিষদের তহবিলের উপর দায়যুক্ত ব্যয় ;

(গ) এই রেজুলিউশন বা আপাততঃ বলবৎ অন্য কোন রেজুলিউশন দ্বারা ন্যস্ত পরিষদের কার্যসম্পাদন এবং কর্তব্য পালনের জন্য ব্যয় ;

(ঘ) পরিষদ কর্তৃক ঘোষিত পরিষদের তহবিলের উপর দায়যুক্ত ব্যয় ;

(ঙ) সরকার কর্তৃক ঘোষিত পরিষদের তহবিলের উপর দায়যুক্ত ব্যয়।

(৪) সহায়ক অনুদান কর্মসূচী ঃ

পরিষদ কর্তৃক প্রস্তুতকৃত নীতিমালা দ্বারা নির্ধারিত হইবে।

১৪। নিরীক্ষা ঃ

(১) পরিষদের বাৎসরিক হিসাব মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক নিরীক্ষিত হইবে এবং অনুদানপ্রাপ্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহেব নিরীক্ষা প্রয়োজনে পরিষদ কর্তৃক নিযুক্ত একাধিক নিরীক্ষক/সিএ ফার্ম কর্তৃক নিরীক্ষিত হইবে।

(২) নিরীক্ষাকারী পরিষদের সকল হিসাব সংক্রান্ত যাবতীয় বহি ও অন্যান্য দলিল দেখিতে এবং প্রয়োজনবোধে পরিষদের নির্বাহী সচিব ও যে কোন সদস্য, কর্মকর্তা ও কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

(৩) হিসাব-নিরীক্ষার পর নিরীক্ষাকারী পরিষদের নিকট একটি নিরীক্ষা প্রতিবেদন পেশ করিবেন এবং উহাতে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখ থাকিবে ; যথা ঃ

(ক) অর্থ আত্মসাৎ ;

(খ) পরিষদ তহবিলের লোকসান, অপচয় এবং অপপ্রয়োগ ;

(গ) হিসাবরক্ষণে অনিয়ম ;

(ঘ) নিরীক্ষাকারী কর্তৃপক্ষের মতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অর্থ আত্মসাৎ, লোকসান, অপচয় ও অনিয়মের জন্য দায়ী ব্যক্তি ।

(৪) জেলা সমাজকল্যাণ ও উপজেলা সমাজকল্যাণ পরিষদের আর্থিক হিসাব একই পদ্ধতিতে নিরীক্ষা করা হইবে।

১৫। জেলা সমাজকল্যাণ পরিষদ ঃ

(১) পরিষদের নিয়ন্ত্রণাধীন প্রতি জেলায় নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জেলা সমাজকল্যাণ পরিষদ গঠিত হইবে ঃ

সভাপতি

(ক) জেলা প্রশাসক

সদস্যবৃন্দ

(খ) সিভিল সার্জন

(গ) সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা

(ঘ) জেলা শিক্ষা কর্মকর্তা

(ঙ) উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা

(চ) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

(ছ) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

(জ) জেলা সমবায় কর্মকর্তা

(ঝ) উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

(ঞ) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

(ট) সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা সমাজসেবা কর্মকর্তা

(ঠ) সিটি কর্পোরেশনের একজন প্রতিনিধি (সংশ্লিষ্ট ক্ষেত্রে)

(ড) চেয়ারম্যান, পৌরসভা (সংশ্লিষ্ট ক্ষেত্রে)

(ঢ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত তিনজন বিশিষ্ট সমাজকর্মী

(ণ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত দুইজন বিশিষ্ট মহিলা সমাজকর্মী

সদস্য-সচিব

(ত) উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়

(২) জেলা সমাজকল্যাণ পরিষদের সভা ঃ

(ক) জেলা সমাজকল্যাণ পরিষদ প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হইবে।

(৩) মেয়াদ ঃ জেলা সমাজকল্যাণ পরিষদের অসরকারী সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হইতে দুই বছর হইবে।

(৪) অসরকারী সদস্যদের পদ শূন্য হওয়া ঃ

নিম্নোক্ত যে কোন কারণে জেলা সমাজকল্যাণ পরিষদের কোন অসরকারী সদস্যের সদস্য পদ শূন্য বলিয়া বিবেচিত হইবে ঃ

(ক) কোন সদস্য পরপর ৩টি জেলা সমাজকল্যাণ পরিষদের সভায় অনুপস্থিত থাকিলে ;

(খ) কোন সদস্য মৃত্যুবরণ করিলে ;

(গ) কোন সদস্য স্বেচ্ছায় পদত্যাগ করিলে ;

(ঘ) পরিষদ বা রাষ্ট্রের হানিকর কোন কাজে জড়িত, অসদাচরণ বা নৈতিক স্খলনজনিত কোন অপরাধে দোষী সাব্যস্ত হইয়া দন্ডপ্রাপ্ত হইলে ;

(ঙ) পরিষদের অর্থ বা সম্পত্তির কোন ক্ষতি সাধন বা উহার আত্মসাতের জন্য দায়ী হইলে ;

(চ) দায়িত্ব পালন করিতে অস্বীকৃতি জানাইলে অথবা শারীরিক বা মানসিক অসামর্থের কারণে দায়িত্ব পালনে অক্ষম হইলে।

ব্যাখ্যা—এই উপ-ধারায় "অসদাচরণ" বলিতে ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি, স্বজনপ্রীতি এবং সরকারের জন্য ক্ষতিকর কার্যাবলী বুঝাইবে।

(৫) জেলা সমাজকল্যাণ পরিষদের কার্যাবলী ঃ

(ক) জেলায় অসরকারী খাতে যে সকল সংগঠন/ব্যক্তি বিশেষ সমাজের কল্যাণে কাজ করিতেছেন তাহাদের সর্বপ্রকার সাহায্য ও উৎসাহ প্রদান ;

(খ) সংশ্লিষ্ট জেলার গ্রাম্য সমাজ এবং শহর অঞ্চলের বিভিন্ন সামাজিক সমস্যাদি চিহ্নিতকরণ এবং ঐ সব সমস্যা সমাধানের সুপারিশ প্রণয়ন ;

(গ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধীত সমিতি/সংস্থার কার্যক্রম পর্যবেক্ষণ, পর্যালোচনা এবং তাহাদের কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং সেগুলিকে শক্তিশালী করিবার ব্যাপারে পদক্ষেপ গ্রহণ ;

(ঘ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক বিভিন্ন সমিতি/সংস্থাকে প্রদত্ত অনুদান যথাযথভাবে ব্যবহৃত হওয়ার বিষয়ে পর্যালোচনা ;

(ঙ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা করা এবং এইগুলির কার্যক্রম জোরদার করার ব্যাপারে সকল প্রকার সহায়তা প্রদান ;

(চ) দেশের সমাজকল্যাণ কার্যক্রম অধিকতর জোরদার ও ফলপ্রসূ করিবার স্বার্থে সরকার/বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদকে ত্রৈমাসিক ভিত্তিতে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান ;

(ছ) আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্ব-উদ্যোগে স্বেচ্ছাসেবীমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;

(জ) উপযুক্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে সরকারী অনুদান প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিকট সুপারিশ পেশ ;

(ঝ) সরকারী এবং অসরকারী পর্যায়ে জেলা সমাজকল্যাণমূলক কার্যক্রমের উপর ষান্মাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন এবং প্রতি বছরের ৩১ জুলাই ও ৩১ জানুয়ারির মধ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে প্রেরণ ;

(ঞ) সমাজকল্যাণ কার্যক্রমে উৎসাহী ও স্বেচ্ছায় দানশীল ব্যক্তিবর্গের নিকট হইতে উপযুক্ত রশিদ প্রদান ও যথাযথ হিসাবরক্ষণ সাপেক্ষে অনুদান গ্রহণ ;

(ট) জেলা সমাজকল্যাণ পরিষদের বাজেট প্রণয়ন ও অনুমোদন। অনুমোদিত বাজেটের (আয়-ব্যয়ের হিসাব) একটি কপি প্রতি বছর ৩১ জুলাইয়ের মধ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে প্রেরণ ; এবং

(ঠ) সরকার ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

(৬) জেলা সমাজকল্যাণ পরিষদের সদস্য-সচিবের দায়িত্ব ও কর্তব্য ঃ

(ক) জেলা সমাজকল্যাণ পরিষদের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন ;

(খ) জেলা সমাজকল্যাণ পরিষদের সকল কাজ তত্ত্বাবধান এবং জেলা সমাজকল্যাণ পরিষদের সকল সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ;

(গ) সভাপতির সঙ্গে আলোচনাক্রমে সকল সভা আহবান ;

(ঘ) সভাসমূহের জন্য কার্যতালিকা প্রস্তুতকরতঃ সদস্যদের মধ্যে বিতরণ ;

(ঙ) জেলা সমাজকল্যাণ পরিষদের কার্যবিবরণী লিপিবদ্ধ ও সদস্যদের মধ্যে বিতরণ ;

(চ) জেলা সমাজকল্যাণ পরিষদের হিসাব সংরক্ষণ ;

(ছ) জেলা সমাজকল্যাণ পরিষদের সকল প্রকার আয়-ব্যয়, বিল ইত্যাদি অনুমোদনের জন্য সভাপতি বরাবর উপস্থাপন এবং সভাপতির সাথে যৌথভাবে চেকে স্বাক্ষরকরণ।

(জ) বছরের শেষে জেলা সমাজকল্যাণ পরিষদের কাজের উপর একটি বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং পরবর্তী বছরের প্রথম সভায় উপস্থাপন ;

(ঝ) অর্থ বছরের শেষ সভায় চলতি বছরের সংশোধিত বাজেট এবং পরবর্তী বছরের সম্ভাব্য প্রাক্কলিত বাজেট জেলা সমাজকল্যাণ পরিষদের অনুমোদনের জন্য উপস্থাপন ;

(ঞ) জেলা সমাজকল্যাণ পরিষদের বাৎসরিক হিসাব সংক্রান্ত আয়-ব্যয়ের বিবরণী জেলা সমাজকল্যাণ পরিষদ সভায় উপস্থাপন ; এবং

(ট) প্রতি অর্থ বছরের বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী জেলা সমাজকল্যাণ পরিষদের সভায় উপস্থাপন।

(৭) জেলা সমাজকল্যাণ পরিষদের তহবিল ঃ

(ক) "জেলা সমাজকল্যাণ পরিষদ তহবিল" নামে জেলা সমাজকল্যাণ পরিষদের একটি তহবিল থাকিবে। এই তহবিল কোন তফসিলভুক্ত ব্যাংকে জমা থাকিবে ;

(খ) জেলা সমাজকল্যাণ পরিষদের তহবিল গঠনের উৎস ঃ

(১) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হইতে অনুদান ;

(২) স্থানীয় অনুদান ;

(৩) জেলা সমাজকল্যাণ পরিষদের নিজস্ব প্রকল্প থেকে লভ্যাংশ ; এবং

(৪) অন্যান্য উৎস থেকে প্রাপ্ত অনুদান ।

(৮) তহবিল পরিচালনা ঃ

(ক) জেলা সমাজকল্যাণ পরিষদের তহবিল সভাপতি ও সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(খ) সকল প্রকার ব্যয় আর্থিক বিধি বিধান অনুযায়ী পরিচালিত হইবে।

**১৬। উপজেলা সমাজকল্যাণ পরিষদ ঃ**

(১) জেলা সমাজকল্যাণ পরিষদের নিয়ন্ত্রণাধীনে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উপজেলা সমাজকল্যাণ পরিষদ থাকিবে ঃ

সভাপতি

(ক) উপজেলা নির্বাহী অফিসার

সদস্যবৃন্দ

(খ) উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা

(গ) উপজেলা শিক্ষা কর্মকর্তা

(ঘ) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

(ঙ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

(চ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

(ছ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

(জ) উপজেলা সমবায় কর্মকর্তা

(ঝ) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

(ঞ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)

(ট) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ২জন প্রখ্যাত সমাজকর্মী

(ঠ) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ১জন মহিলা সমাজকর্মী

**সদস্য-সচিব**

(ড) উপজেলা সমাজসেবা কর্মকর্তা।

(২) অসরকারী সদস্যের মেয়াদ ঃ উপজেলা সমাজকল্যাণ পরিষদের অসরকারী সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হইতে দুই বছর হইবে।

(৩) অসরকারী সদস্যদের পদ শূন্য হওয়া ঃ

নিম্নোক্ত যে কোন কারণে উপজেলা সমাজকল্যাণ পরিষদের কোন অসরকারী সদস্যের সদস্য পদ শূন্য বলিয়া বিবেচিত হইবে ঃ

(ক) কোন সদস্য পরপর ৩টি উপজেলা সমাজকল্যাণ পরিষদের সভায় অনুপস্থিত থাকিলে ;

(খ) কোন সদস্য মৃত্যুবরণ করিলে ;

(গ) কোন সদস্য স্বেচ্ছায় পদত্যাগ করিলে ;

(ঘ) পরিষদ বা রাষ্ট্রের হানিকর কোন কাজে জড়িত, অসদাচরণ বা নৈতিক স্খলনজনিত কোন অপরাধে দোষী সাব্যস্ত হইয়া দন্ডপ্রাপ্ত হইলে ;

(ঙ) পরিষদের অর্থ বা সম্পত্তির কোন ক্ষতি সাধন বা উহার আত্মসাতের জন্য দায়ী হইলে ;

(চ) দায়িত্ব পালন করিতে অস্বীকৃতি জানাইলে অথবা শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হইলে।

ব্যাখ্যা—এই উপ-ধারায় "অসদাচরণ" বলিতে ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি, স্বজনপ্রীতি এবং সরকারের জন্য ক্ষতিকর কার্যাবলী বুঝাইবে।

(৪) উপজেলা সমাজল্যাণ পরিষদের সভা ঃ

(ক) উপজেলা সমাজকল্যাণ পরিষদ প্রতি মাসে একবার সভায় মিলিত হইবে।

(৫) উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যাবলী ঃ

(ক) সংশ্লিষ্ট উপজেলার গ্রাম্য সমাজ এবং উপজেলা এলাকার বিভিন্ন সামাজিক সমস্যাদি চিহ্নিতকরণ এবং ঐ সব সমস্যা সমাধানের সুপারিশ প্রণয়ন ;

(খ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধীত সব সমিতি/সংস্থার কার্যক্রম পর্যবেক্ষণ, পর্যালোচনা এবং তাহাদের কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং সেইগুলিকে শক্তিশালী করিবার ব্যাপারে পদক্ষেপ গ্রহণ ;

(গ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক বিভিন্ন সমিতি/সংস্থাকে প্রদত্ত অনুদান যথাযথভাবে ব্যবহৃত হওয়ার বিষয়ে পর্যালোচনা ;

(ঘ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যক্রম জোরদার করার ব্যাপারে বাস্তব পদক্ষেপ গ্রহণ করা এবং কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন জেলা সমাজকল্যাণ পরিষদে প্রেরণ ;

(ঙ) আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্ব-উদ্যোগে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;

(চ) উপযুক্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে সরকারী অনুদান প্রদানের জন্য জেলা সমাজকল্যাণ পরিষদের নিকট সুপারিশ পেশ ;

(ছ) সরকারী এবং অসরকারী পর্যায়ে উপজেলা সমাজকল্যাণ মূলক কার্যক্রমের উপর ষান্মাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন এবং প্রতি বছরের ১৫ জুলাই ও ১৫ জানুয়ারির মধ্যে জেলা সমাজকল্যাণ পরিষদে প্রেরণ ;

(জ) সমাজকল্যাণ কার্যক্রমে উৎসাহী ও স্বেচ্ছায় দানশীল ব্যক্তিবর্গের নিকট হইতে উপযুক্ত রশিদ প্রদান ও যথাযথ হিসাবরক্ষণ সাপেক্ষে অনুদান গ্রহণ ;

(ঝ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের বাজেট প্রণয়ন ও অনুমোদন। অনুমোদিত বাজেটের (আয়-ব্যয়ের হিসাব) একটি কপি প্রতি বছর ৩১ জুলাইয়ের মধ্যে জেলা সমাজকল্যাণ পরিষদে প্রেরণ ; এবং

(ঞ) সরকার ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এবং জেলা সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

(৬) উপজেলা সমাজকল্যাণ পরিষদের সদস্য-সচিবের দায়িত্ব ও কর্তব্য ঃ

(ক) উপজেলা সমাজকল্যাণ পরিষদের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন ;

(খ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের সকল কাজ তত্ত্বাবধান এবং উপজেলা সমাজকল্যাণ পরিষদের সকল সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ;

(গ) সভাপতির সঙ্গে আলোচনাক্রমে সকল সভা আহবান ;

(ঘ) সভাসমূহের জন্য কার্যতালিকা প্রস্তুতকরতঃ সদস্যদের মধ্যে বিতরণ ;

(ঙ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যবিবরণী লিপিবদ্ধ ও সদস্যদের মধ্যে বিতরণ ;

(চ) উপজলা সমাজকল্যাণ পরিষদের হিসাব সংরক্ষণ ;

(ছ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের সকল প্রকার আয়-ব্যয়, বিল ইত্যাদি অনুমোদনের জন্য সভাপতি বরাবর উপস্থাপন এবং সভাপতির সাথে যৌথভাবে চেকে স্বাক্ষরকরণ ;

(জ) বছরের শেষে উপজেলা সমাজকল্যাণ পরিষদের কাজের উপর একটি বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং পরবর্তী বছরের প্রথম সভায় উপস্থাপন ;

(ঝ) অর্থ বছরের শেষ সভায় চলতি বছরের সংশোধিত বাজেট এবং পরবর্তী বছরের সম্ভাব্য প্রাক্কলিত বাজেট উপজেলা সমাজকল্যাণ পরিষদের অনুমোদনের জন্য উপস্থাপন ;

(ঞ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের বাৎসরিক হিসাব সংক্রান্ত আয়-ব্যয়ের বিবরণী উপজেলা সমাজকল্যাণ পরিষদ সভায় উপস্থাপন ; এবং

(ট) প্রতি অর্থ বছরের বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী উপজেলা সমাজকল্যাণ পরিষদের সভায় উপস্থাপন।

(৭) উপজেলা সমাজকল্যাণ পরিষদের তহবিল ঃ

(ক) "উপজেলা সমাজকল্যাণ পরিষদ তহবিল" নামে উপজেলা সমাজকল্যাণ পরিষদের একটি তহবিল থাকিবে। এই তহবিল স্থানীয় কোন তফসিলভুক্ত ব্যাংকে জমা থাকিবে।

(খ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের তহবিল গঠনের উৎস ঃ

(১) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হইতে অনুদান ;

(২) স্থানীয় অনুদান ;

(৩) উপজেলা সমাজকল্যাণ পরিষদের নিজস্ব প্রকল্প হইতে লভ্যাংশ ; এবং

(৪) অন্যান্য উৎস থেকে প্রাপ্ত অনুদান।

(৮) তহবিল পরিচালনা ঃ

(ক) উপজেলা সমাজকল্যাণ পরিষদের তহবিল সভাপতি ও সদস্য-সচিব এর যৌথস্বাক্ষরে পরিচালিত হইবে।

(খ) সকল প্রকার ব্যয় আর্থিক বিধি বিধান অনুযায়ী পরিচালিত হইব।

১৭। **ঋণ গ্রহণ ঃ**

জাতীয় সমাজকল্যাণ পরিষদ সরকারের পূর্ব অনুমোদনক্রমে যে কোন উৎস হইতে ঋণ গ্রহণ করিতে পারিবে এবং উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ উপযুক্ত প্রকল্প গ্রহণ করিতে পারিবে।

১৮। **নীতিমালা প্রণয়নের ক্ষমতা ঃ**

পরিষদের যাবতীয় কর্মকান্ড পরিচালনার জন্য সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করিতে পারিবে।

১৯। **পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ঃ**

(১) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, জেলা সমাজকল্যাণ পরিষদ ও উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত পরিষদ, সরকারের পূর্বানুমোদনক্রমে পরিষদ, জেলা সমাজকল্যাণ পরিষদ ও উপজেলা সমাজকল্যাণ পরিষদ কার্যালয়ে বিভিন্ন শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারী পদে পরিষদের চাকুরি প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ করিতে পারিবে।

(২) পরিষদ কর্তৃক নিয়োগযোগ্য কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরির শর্তাদি পরিষদের চাকুরি প্রবিধানমালা দ্বারা নির্ধারিত হইবে।

(৩) প্রয়োজনে সরকার প্রেষণে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

২০। এই রেজুলিউশন কার্যকর হইবার তারিখ হইতে পূর্বের পরিষদ সংক্রান্ত সকল রেজুলিউশন বাতিল বলিয়া গণ্য হইবে।

২১। এই রেজুলিউশন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এম আব্দুল জব্বার**
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৭, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

রেজুলিউশনের সংশোধনী

তারিখ, ২৪ অক্টোবর ২০০৫

নং সকম/কর্ম-১-শা/বাজাসকপ-২/২০০৫-৯৭২—বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্দেশ্যাবলী পূরণ ও উহার কার্যাবলী সূচারুরূপে সম্পাদনকল্পে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২৫ জানুয়ারী ২০০৩ তারিখের রেজুলিউশন নং সকম/কর্ম-শা/বাজাসকপ-১/২০০২-৯৮ এর নিম্নরূপ সংশোধন করা হইল ঃ---

রেজুলিউশনের ১৮ নং ধারার পরে নতুন ১৯ নং ধারা সংযোজিত হইবে যাহা নিম্নরূপ ঃ

১৯। কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী প্রবিধানমালা প্রণয়নের ক্ষমতা ঃ

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ উহার কর্মকর্তা-কর্মচারীদের জন্য উপযুক্ত চাকুরী প্রবিধানমালা প্রণয়ন করিতে পারিবে।

বর্তমান ১৯, ২০ ও ২১ নং ধারার ক্রমিক নং সংশোধন ঃ

নতুন ১৯ নং ধারা সংযোজনের ফলে রেজুলিউশনের বিদ্যমান ১৯, ২০ এবং ২১ ধারা যথাক্রমে ২০, ২১ এবং ২২ নং ধারা হিসেবে পুনঃসংখ্যায়িত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী মনোয়ারুল হক

ভারপ্রাপ্ত সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।
(৯৯১৫)
মূল্য ঃ টাকা ২.০০

-২-

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ৩১, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**কর্মসূচী-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ আগস্ট ২০১০

**নং সকম/কর্ম-১শা/বাজাসকপ-১/২০০৯-৬১৫**—বিগত ০৩-০৬-২০১০ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ৩৪তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ২৫ জানুয়ারী ২০০৩ তারিখে জারীকৃত রেজুলিউশন এর ১৫ অনুচ্ছেদের ১ উপ-অনুচ্ছেদ আংশিক সংশোধনক্রমে রাংগামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি ৩ (তিন) টি পার্বত্য জেলার জন্য জেলা সমাজকল্যাণ পরিষদ নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো।

**জেলা সমাজকল্যাণ পরিষদ**

**সভাপতি**

(ক) চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ, সংশ্লিষ্ট পার্বত্য জেলা

**সদস্যবৃন্দ**

(খ) সিভিল সার্জন

(গ) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

(ঘ) সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা

(ঙ) জেলা শিক্ষা কর্মকর্তা

(চ) উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা



মূল্য ঃ টাকা ২.০০

(ছ) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

(জ) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতব

(ঝ) জেলা সমবায় কর্মকর্তা

(ঞ) উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

(ট) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

(ঠ) সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা সমাজসেবা কর্মকর্তা

(ড) মেয়র, পৌরসভা (সংশ্লিষ্ট ক্ষেত্রে)

(ঢ) চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ, সংশ্লিষ্ট পার্বত্য জেলা কর্তৃক মনোনীত ২ (দুই) জন বিশিষ্ট সমাজকর্মী ও ১ (এক) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী

(ণ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ (এক) জন বিশিষ্ট সমাজকর্মী ও ১ (এক) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী

**সদস্য-সচিব**

(ত) উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়

**কামরুন নেসা খানম**

সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

৬৩৬ ১৮/১০/১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসূচি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-সকম/কর্ম-২শা/বাজাসকপ-০১/২০০৯-

০২ কার্তিক ১৪১৮
১৭ অক্টোবর ২০১১

## প্রজ্ঞাপন

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্দেশ্যাবলী পূরণ ও উহার কার্যাবলী সুচারুভাবে সম্পাদনের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২৫ জানুয়ারী ২০০৩ তারিখের রেজ্যুলিউশন নং-সকম/কর্ম-শা/বাজাসকপ-১/২০০২-৯৮ এর বিদ্যমান ১(গ)(১) ধারাটি **'সরকার কর্তৃক মনোনীত দেশের সকল বিভাগ হইতে অনূর্ধ্ব পঞ্চাশজন প্রখ্যাত সমাজকর্মী'** দ্বারা প্রতিস্থাপন করা হইল।

স্বাঃ
(রণজিৎ কুমার বিশ্বাস এনডিসি)
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে ৫০ কপি প্রেরণের অনুরোধসহ প্রেরিত)

নং-সকম/কর্ম-২শা/বাজাসকপ-০১/২০০৯- ১১৭ (৩)

০২ কার্তিক ১৪১৮
১৭ অক্টোবর ২০১১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।

১৭.১০.১১
(মির্জা তারিক হিকমত)
উপসচিব (কর্ম-২ অধিশাখা)